



Bangladesh

বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.nmst.gov.bd



নং- ৩৯.০৩.০০০০.০১১.২৭.০০১.২১-৬৪৭

তারিখঃ ১২/১০/২০২১ খ্রিস্টাব্দ

অভিযোগ বিবরণী

যেহেতু, আপনি জনাব মোঃ শাহিন, গ্যালারি এটেনডেন্ট পদে গত ২২/১/২০১৭ খ্রিঃ তারিখ থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কর্মরত আছেন;

যেহেতু, এ সংস্থার উর্ধ্বতন আর্টিস্ট জনাব সৌমিত্র কুমার বিশ্বাস আপনার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ এনেছেন;

যেহেতু, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার উপপরিচালক জনাব এ.জে.এম. সালাহুদ্দিন নাগরী'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে দুর্ব্যবহার এবং অসৌজন্যমূলক আচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত দেয়া হয়;

যেহেতু, আপনি মানসিক হয়রানি ও অফিসিয়াল অপপ্রচার প্রসঙ্গে সংস্থার সাবেক ওয়ার্কশপ এটেনডেন্ট (আউটসোর্সিং) জনাব আকলিমা খাতুনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করেন;

যেহেতু, আপনার লিখিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার সিনিয়র কিউরেটর (উপসচিব) জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ও সংস্থার সংস্থার সিনিয়র কিউরেটর (উপসচিব) জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনি যে অভিযোগ দায়ের করেছেন, তা সঠিক নয় মর্মে মতামত দেয়া হয়েছে;

যেহেতু, বর্ণিতাবস্থায় আপনাকে ২০/৯/২০২১ তারিখের ৩৯.৪০৩.০৩১.০০.০০.১৫৩.২০১৭.২৩৭ নং স্মারকমূলে প্রথম কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ২৩/৯/২০২১ খ্রিঃ তারিখে আপনি উক্ত কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন এবং আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, আপনাকে ২৭/৯/২০২১ তারিখের ৩৯.৪০৩.০৩১.০০.০০.১৫৩.২০১৭.২৬৯ নং স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং দাখিলকৃত জবাবে ১ম কারণ দর্শানোর নোটিশের জবাবের পুনরাবৃত্তি ঘটেছে, যা' গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ধারা ৩৭ এর (খ) মোতাবেক আপনি অসদাচরণের দায়ে দোষী;

সেহেতু, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ধারা ৩৭ এর (খ) মোতাবেক আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা (বিভাগীয় মামলা নম্বর-১/২০২১) রুজু করা হলো।

(Handwritten signature and date)

(মোঃ হাবিবুর রহমান)
পরিচালক (যুগ্মসচিব)

জনাব মোঃ শাহিন
গ্যালারি এটেনডেন্ট
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

২। উপপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৩। কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৪। প্রধান ডিসপ্লে কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৫। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।